



# 'সমবায়ের মাধ্যমে সমৃদ্ধি'

# প্রমুখ উদ্যোগ সমবায় মন্ত্রণালয়ের

**(6th জুলাই, 2021 - 20th জুলাই, 2023)**

## (ক). প্রাথমিক সমবায় সমিতিসমূহের অর্থনৈতিক শক্তিশালীকরণ

### 1. প্যাকস বহুমুখী তৈরির জন্য মডেল উপ-বিধিঃ-

সমবায় মন্ত্রক দ্বারা প্যাকসের জন্য মডেল উপ-বিধি প্রস্তুত করা হয়েছিল সমস্ত রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চল, জাতীয় ফেডারেশন এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে পরামর্শের পরে 05 জানুয়ারী 2023 এটি প্রচারিত হয়েছিল। এটি প্যাকস / ল্যাম্পসের আয়ের উৎস বৃদ্ধি করবে এবং দুগ্ধ, মৎস্য, স্টোরেজ ইত্যাদির মতো 25 টিরও বেশি নতুন ক্ষেত্রে নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি করবে। এখনও পর্যন্ত ২৭ টি রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল এগুলি গ্রহণ করেছে এবং অন্যান্য রাজ্যে চালু করার কাজ চলছে।

2. **কম্পিউটারাইজেশনের মাধ্যমে প্যাকস শক্তিশালীকরণঃ-**

অভিন্ন জাতীয় সফটওয়্যার নেটওয়ার্কের মাধ্যমে মোট ৬৩,০০০ কার্যকরী প্যাকস/ ল্যাম্পসকে নাবার্ডের সাথে যুক্ত করা হচ্ছে। এখনও পর্যন্ত ২৪ টি রাজ্য ও ৪টি কেন্দ্রশাসিত অঞ্চল থেকে মোট ৫৮,৩৮৩ টি প্যাকস কম্পিউটারাইজেশনের প্রস্তাব এসেছে। এর জন্য হার্ডওয়্যার ক্রয়, ডিজিটালাইজেশন এবং সাপোর্ট সিস্টেম স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকার রাজ্যগুলিকে মোট ৪৩৭.১৭ কোটি টাকা দিয়েছে। নাবার্ড ন্যাশনাল ইন্টিগ্রেটেড সফটওয়্যার তৈরি করেছে। রাজ্য দ্বারা হার্ডওয়্যার ক্রয় এবং সিস্টেম ইন্টিগ্রেটর চূড়ান্তকরণের পরে কম্পিউটারাইজেশন শুরু হবে । এই উদ্যোগটি প্যাকসের দক্ষতা এবং স্বচ্ছতা বৃদ্ধি করবে।

3. **প্রতিটি পঞ্চায়েত/ গ্রামে বহুমুখী প্যাকস / দুগ্ধ / মৎস্য সমবায় সমিতি (২ লক্ষ নতুন সমিতি) প্রতিষ্ঠাঃ-**

২০২৩ সালের ১৫ ফেব্রুয়ারি মন্ত্রিসভা কর্তৃক অনুমোদিত এই প্রকল্পে আগামী ৫ বছরের মধ্যে পঞ্চায়েত/ গ্রামগুলিতে ২ লক্ষ নতুন বহুমুখী প্যাকস / দুগ্ধ / মৎস্য সমবায় সমিতি স্থাপনের লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে। এর অধীনে, ভারত সরকারের বিভিন্ন প্রকল্পগুলি প্রাথমিক সমবায় সমিতি স্তরে একত্রিত করা হবে।এই প্রকল্প বাস্তবায়নের জন্য আন্তঃমন্ত্রণালয় কমিটি, জাতীয় স্তরের সমন্বয় কমিটি, রাজ্য স্তরের সমবায় উন্নয়ন কমিটি এবং জেলা স্তরের সমবায় উন্নয়ন কমিটি গঠন করা হয়েছে। মন্ত্রক সমস্ত রাজ্যের সঙ্গে বৈঠক করছে। নাবার্ড, NDDB এবং NFDB কর্তৃক নতুন সোসাইটি প্রতিষ্ঠা সম্পর্কিত কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে এবং ইতিমধ্যে এই পরিকল্পনার কাজ শুরু হয়েছে।

4. **সমবায় ক্ষেত্রে বিশ্বের বৃহত্তম বিকেন্দ্রীভূত শস্য সংরক্ষণ কর্মসূচিখাদ্য নিরাপত্তা নিশ্চিত করাঃ-**

২০২৩ সালের ৩১ মে মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত এই প্রকল্পের আওতায় বিভিন্ন ধরনের কৃষি পরিকাঠামো যেমন গোডাউন, কাস্টম হায়ারিং সেন্টার, প্রসেসিং ইউনিট, ন্যায্যমূল্যের দোকান ইত্যাদি প্যাকস স্তরে ভারত সরকারের বিভিন্ন প্রকল্পের সমন্বয়ের মাধ্যমে তৈরি করা হবে। এই প্রকল্প দেশের খাদ্য নিরাপত্তা সুনিশ্চিত করবে, খাদ্যশস্যের অপচয় হ্রাস করবে, কৃষকদের তাদের উৎপাদিত পণ্যের জন্য ভাল দাম পাবে এবং প্যাকস স্তরেই বিভিন্ন কৃষি চাহিদা পূরণ করবে। রাজ্যগুলির সহযোগিতায় একটি পাইলট প্রকল্পের মাধ্যমে এই প্রকল্পের বাস্তবায়ন শুরু হয়েছে এবং আন্তঃমন্ত্রণালয় কমিটি, জাতীয় স্তরের সমন্বয় কমিটি, রাজ্য স্তরের সমবায় উন্নয়ন কমিটি এবং জেলা স্তরের সমবায় উন্নয়ন কমিটি দ্বারা সমন্বিত করা হচ্ছে ।

5. **ই-পরিষেবা( E-Services ) আরও ভাল ভাবে প্রদাণের  জন্য সাধারণ পরিষেবা কেন্দ্র (CSC) হিসাবে প্যাকসঃ-**

০২.০২.২০২৩ এ সমবায় মন্ত্রক, ইলেকট্রনিক্স এবং তথ্য প্রযুক্তি মন্ত্রক, নাবার্ড এবং CSC ই-গভর্নেন্স সার্ভিসেস ইন্ডিয়া লিমিটেডের মধ্যে প্যাকসের মাধ্যমে CSC  পরিষেবা প্রদাণের জন্য সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।  যার পরে CSC দ্বারা প্রদত্ত ৩০০ টিরও বেশি ই-পরিষেবা এখন প্যাকস দ্বারাও প্রদান  করা হবে। এখনও পর্যন্ত ১৭,০০০ এরও বেশি প্যাকস CSC  হিসাবে যুক্ত করা হয়েছে এবং অন্যান্য প্যাকসেরও অনবোর্ডিংয়ের কাজও চলছে। CSC- SPV  এবং নাবার্ড দ্বারা অনবোর্ড প্যাকসকে প্রশিক্ষণও দেওয়া হচ্ছে। ২০২৩ সালের ২১ শে জুলাই মাননীয় সমবায় মন্ত্রীর সভাপতিত্বে আয়জিত জাতীয় মেগা কনক্লেভে ৬০০০ প্যাকস CSC র সেবা প্রদান করা শুরু হয়েছে।

6. **প্যাকস কর্তৃক নতুন কৃষক উৎপাদক সংস্থা (FPO) গঠনঃ-**

সমবায় ক্ষেত্রে জাতীয় সমবায় উন্নয়ন কর্পোরেশন (NCDC), FPO স্কিমের আওতায় ১,১০০ অতিরিক্ত FPO বরাদ্দের সিদ্ধান্ত নিয়েছে ।এখন PACS, FPO হিসেবে কৃষি সংক্রান্ত অন্যান্য অর্থনৈতিক কর্মকাণ্ড করতে পারবে। এই উদ্যোগের মাধ্যমে সমবায় সমিতির সদস্যরা তাদের উৎপাদিত পণ্যের ন্যায্য ও লাভজনক মূল্য পাওয়ার জন্য প্রয়োজনীয় বাজার সংযোগ স্থাপন করতে পারবেন। ১৪ ই জুলাই, ২০২৩ সালে আয়োজিত জাতীয় সেবা কনক্লেভে মাননীয় সমবায়  মন্ত্রী FPO গঠনের সূচনা করেন ।

7. **এলপিজি (LPG) ডিস্ট্রিবিউটরশিপের জন্য প্যাকসের যোগ্যতাঃ-**

পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক এলপিজি ডিস্ট্রিবিউটরশিপের জন্য প্যাকসকে যোগ্য করে তুলতে নিয়ম সংশোধন করেছে, যার ফলে প্যাকসও এলপিজি বিতরণ করতে সক্ষম হবে। এটি প্যাকসকে তাদের অর্থনৈতিক ক্রিয়াকলাপ বাড়ানোর এবং গ্রামীণ অঞ্চলে নতুন কর্মসংস্থানের বিকল্প সুযোগ তৈরি করবে ।

8. **প্যাকস দ্বারা পরিচালিত BULK ভোক্তা পেট্রোল পাম্পকে খুচরো বিক্রয় কেন্দ্র হিসেবে  রূপান্তর করার অনুমতিঃ-**

পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক বিদ্যমান বাল্ক ভোক্তা লাইসেন্সধারী প্যাকসকে  খুচরা আউটলেটে রূপান্তর করতে সম্মত হয়েছে। নতুন পেট্রোল পাম্প ডিলারশিপের জন্যও প্যাকসকে অগ্রাধিকার দেওয়া হবে। এই বিধানগুলি প্যাকসের মুনাফা বৃদ্ধি করবে এবং গ্রামীণ অঞ্চলে নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি করবে।

## 9. গ্রামীণ স্তরে জেনেরিক ওষুধ  সরবরাহের জন্য প্যাকসকে ''জন ঔষধি কেন্দ্র'' হিসাবে গণ্য করা হচ্ছেঃ-

২০২৩ সালের ৬ জুন, মাননীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রীর সভাপতিত্বে এবং মাননীয় রাসায়নিক ও সার মন্ত্রীর সাথে এক বৈঠকে ২০২৩ সালের আগস্টের মধ্যে ১,০০০ "জন ঔষধি কেন্দ্র" এবং ২০২৩ সালের ডিসেম্বরের মধ্যে ২,০০০ "জন ঔষধি কেন্দ্র'' খোলার সিদ্ধান্ত নেওয়া হয় প্যাকসের মাধ্যমে। এই উদ্যোগের ফলে গ্রাম/ব্লক স্তরের সাধারণ  মানুষের কাছে সস্তায় জেনেরিক ওষুধ পাওয়া যাবে এবং প্যাক স অতিরিক্ত কর্ম সংস্থানের সুযোগ পাবে । রাজ্য সরকার আগ্রহি প্যাক্সদের চিহ্নিত করতে এবং অনলাইন আবেদন করতে উৎসাহিত করবে।

## 10. সার বিতরণ কেন্দ্র হিসাবে প্যাকসঃ-

০৬ জুন, ২০২৩ সালে মাননীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রীর সভাপতিত্বে এবং মাননীয় রাসায়নিক মন্ত্রীর সাথে, অনুষ্ঠিত এক বৈঠকে সার ও কীটনাশক স্প্রে করার জন্য কার্যকরী প্যাকসকে খুচরা সার বিক্রেতা, প্রধানমন্ত্রী কিষাণ সমৃদ্ধি কেন্দ্র (PMKSK) এবং ড্রোন উদ্যোক্তা হিসাবে কাজ করার  সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই ড্রোনগুলি সম্পত্তি জরিপের জন্যও ব্যবহার করা যেতে পারে। এই পদক্ষেপটি প্যাকস পর্যায়ে কৃষকদের কাছে সারের প্রাপ্যতা নিশ্চিত করবে এবং প্যাকসে নতুন ব্যবসায়ের সুযোগ তৈরি করবে।

## 11. PACS  স্তরে ( PM-KUSUM) প্রকল্পের সমন্বয়ঃ-

১৩ কোটি কৃষক সদস্যের সঙ্গে সরাসরি যুক্ত PACS -এর কাঠামো ও প্রসারকে পঞ্চায়েত স্তরে বিকেন্দ্রীভূত সৌর বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কাজে লাগানো যেতে পারে। এর মাধ্যমে, প্যাকসের সাথে সংযুক্ত কৃষকরা কৃষি ডিজেল পাম্পগুলিকে সৌর কৃষি জল পাম্প দিয়ে প্রতিস্থাপন করতে পারেন এবং তাদের জমির পরিধিতে ফোটোভোলটাইক মডিউল ইনস্টল করে তাদের শক্তি সুরক্ষা নিশ্চিত করতে পারেন, যার ফলে প্রকল্পের শেষ পর্যন্ত পৌঁছান যাবে । এছাড়াও, PACS  এবং এর সদস্য কৃষকরা আয়ের বিকল্প উৎস পাবেন। সমবায় মন্ত্রণালয় কর্তৃক একটি কনসেপ্ট নোট প্রস্তুত করে MNRE-তে পাঠানো হয়েছে এবং মাননীয় পুনর্নবীকরণ জ্বালানি মন্ত্রির সাথে সমবায় সচিবের একটি বৈঠক হয়  এবং এই প্রস্তাবের  সিদ্ধান্ত সেখানেই গৃহীত হয়।

## 12. NABARD- এর সাহায্যে মাইক্রো ATM থেকে ব্যাঙ্ক মিত্র সমবায় সমিতিঃ-

দুগ্ধ সমবায় মৎস্য সমবায় ও প্যাকসের মতো সমবায় সমিতি গুলিকে জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক এবং রাজ্য সমবায় ব্যাঙ্কের, ব্যাঙ্ক মিত্র করা হয়েছে। ব্যবসা সহজীকরণ, স্বচ্ছতা এবং আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিত করার জন্য, ''ডোর স্টেপ ফিনান্সিয়াল সার্ভিসেস'' প্রদানের জন্য নাবার্ডের সহায়তায় এই ব্যাঙ্ক মিত্র সমবায়  সমিতিগুলিকে মাইক্রো-এটিএমও দেওয়া হচ্ছে। এই পাইলট প্রকল্পটি ১২ জুলাই, ২০২৩ থেকে পঞ্চমহল এবং বনসকন্থা জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলিতে শুরু হয়েছে, যা আগামী দিনগুলিতে দেশব্যাপী বাস্তবায়নের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

## 13. সমবায় সমিতির সদস্যদের জন্য রূপে (RUPAY) কিষান ক্রেডিট কার্ডঃ-

গ্রামীণ সমবায় ব্যাঙ্কগুলির প্রসার এবং গ্রামীণ সমবায় সমিতিগুলির সদস্যদের প্রয়োজনীয় তারল্য (Liquidity) সরবরাহের জন্য গুজরাটের পঞ্চমহল এবং বনসকান্থা জেলায় "পাইলট" প্রকল্প  শুরু করা হয়েছে। এই প্রকল্পের আওতায় সংশ্লিষ্ট জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলিতে সমবায় সমিতির সমস্ত সদস্যের ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা হচ্ছে এবং নাবার্ডের সহায়তায় অ্যাকাউন্টহোল্ডারদের মধ্যে রূপে-কিষান ক্রেডিট কার্ড বিতরণ করা হচ্ছে। রূপে-কিষান ক্রেডিট কার্ডের মাধ্যমে সমবায় সমিতির সদস্যদের যুক্তিসঙ্গত হারে ঋণ পাওয়া যাবে এবং সদস্যরা অন্যান্য আর্থিক লেনদেনের জন্যও এই কার্ডটি ব্যবহার করতে পারবেন। এই পাইলট প্রকল্পটি আগামী দিনে দেশব্যাপী বাস্তবায়নের লক্ষ্য  নির্ধারণ করা হয়েছে।

## 14. "পানি" সমিতি হিসাবে প্যাকসঃ-

গ্রামাঞ্চলে প্যাকসের প্রসারকে কাজে লাগানোর জন্য, জলশক্তি মন্ত্রক গ্রামাঞ্চলে পাইপযুক্ত জল সরবরাহ প্রকল্পগুলির পরিচালনা ও রক্ষণাবেক্ষণের (O & M) কাজ করার জন্য প্যাকসকে "পানি সমিতি" হিসাবে গণ্য করার জন্য সমস্ত রাজ্যকে চিঠি লিখেছে। এই পদক্ষেপটি গ্রামীণ অঞ্চলে জল সরবরাহ প্রকল্পগুলির O & M  কাজকে শক্তিশালী করার পাশাপাশি প্যাকসের জন্য নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি করবে।

## (খ) সমবায় সমিতির জন্য আয়কর আইনে ছাড়

### 15. সমবায় সমিতিগুলির জন্য আয়করের উপর সারচার্জ হ্রাসঃ-

১ কোটি টাকা থেকে ১০ কোটি টাকা আয়ের সমবায় সমিতিগুলির জন্য আয়কর সারচার্জ ১২ শতাংশ থেকে কমিয়ে ৭ শতাংশ করা হয়েছে যা কোম্পানির সমতুল্য ।এটি সমবায় সমিতিগুলির উপর আয়করের বোঝা হ্রাস করবে এবং সদস্যদের সুবিধার জন্য কাজ করার ফলে সমিতিগুলির কাছে আরও মূলধন উপলব্ধ হবে।

### 16. সমবায় সমিতিগুলির উপর ন্যূনতম বিকল্প কর (MAT) হ্রাসঃ-

সমবায় সমিতিগুলির জন্য ন্যূনতম বিকল্প করের হার ১৮.৫% থেকে কমিয়ে ১৫% করা হয়েছে। এই বিধানের ফলে, এখন এই ক্ষেত্রে সমবায় সমিতি এবং কোম্পানি গুলির মধ্যে সমতা আনা হয়েছে । এটি সমবায় সমিতিগুলিকে শক্তিশালী করবে এবং সমবায় ক্ষেত্রে প্রসারিত হবে।

### 17. PACS এবং PCARDB দ্বারা নগদ আমানত এবং নগদ ঋণের সীমা বৃদ্ধিঃ-

PACS এবং প্রাথমিক সমবায় কৃষি ও গ্রামীণ উন্নয়ন ব্যাঙ্কের (PCARDB) দ্বারা নগদ আমানত এবং নগদ ঋণের সীমা সদস্য প্রতি ২০,০০০ টাকা থেকে বাড়িয়ে ২ লক্ষ টাকা করা হয়েছে। এই বিধান তাদের কার্যক্রমকে সহজতর করবে, তাদের ব্যবসা বৃদ্ধি করবে এবং সমিতির সদস্যদের উপকৃত করবে।

### 18. নতুন উৎপাদন সমবায় সমিতিগুলির জন্য কর হ্রাসঃ-

২০২৪ সালের ৩১ শে মার্চের মধ্যে উৎপাদন কার্যক্রম শুরু করা, নতুন উৎপাদন সমবায় সমিতিগুলিকে সারচার্জসহ বিদ্যমান ৩০% পর্যন্ত কর হ্রাস করে ১৫% হারে কর আরোপ করা হবে। এই বিধানের সাথে, এখন এই ক্ষেত্রে সমবায় সমিতি এবং কোম্পানি গুলির মধ্যে সমতা আনা হয়েছে । এটি উৎপাদন ক্ষেত্রে নতুন সমবায় সমিতি গঠনকে উৎসাহিত করবে।

**19. নগদ টাকা তোলার ক্ষেত্রে TDS এর সীমা বৃদ্ধিঃ-**

কেন্দ্রীয় বাজেট ২০২৩-২৪-এর মাধ্যমে TDS ছাড়া সমবায় সমিতিগুলির নগদ টাকা তোলার সীমা বছরে ১ কোটি টাকা থেকে বাড়িয়ে ৩ কোটি টাকা করা হয়েছে। এই বিধানটি সমবায় সমিতিগুলির জন্য উৎস কর কর্তন (TDS) সাশ্রয় করবে, যা তারা তাদের সদস্যদের সুবিধার জন্য ব্যবহার করতে সক্ষম হবে।

**20. আয়কর আইনের 269 ST ধারার অধীনে নগদ লেনদেনে ছাড়ঃ-**

সমবায় সমিতিগুলি আগে তাদের পরিবেশকদের সাথে 'চুক্তি' কে 'এক ইভেন্ট' হিসাবে বিবেচনা করত এবং পুরো বছরে সেই পরিবেশকের সাথে সমস্ত লেনদেনে নগদ প্রাপ্তি যদি দুই লক্ষ টাকার বেশি হয় তবে এটি করযোগ্য হিসাবে বিবেচিত হত এবং এর উপর আয়কর জরিমানা আরোপ করা হত।আয়কর বিভাগ একটি সার্কুলার জারি করে স্পষ্ট করে দিয়েছে যে এখন থেকে সমবায় সমিতিগুলি তাদের পরিবেশকদের সাথে যে 'চুক্তি' করেছে তা 'ইভেন্ট' হিসাবে বিবেচিত হবে না। এই ব্যাখ্যার মাধ্যমে সমবায় সমিতিগুলি তাদের পরিবেশকের সাথে ২ লক্ষের বেশি নগদ লেনদেন পৃথকভাবে বিবেচনা করবে, যাতে তাদের আয়কর জরিমানা ধার্য করা না হয়।এর ফলে, রাজ্য ও জেলা দুগ্ধ ইউনিয়নগুলি এখন থেকে ব্যাঙ্ক ছুটি থাকার সময় তাদের পরিবেশকদের কাছ থেকে নগদ অর্থ গ্রহণ করে, সদস্য দুগ্ধ উৎপাদনকারীদের নগদ অর্থ প্রদান করতে সক্ষম হবে।

## (গ) সমবায় ব্যাংকগুলির সম্মুখীন সমস্যার সমাধান

**21.** আরবান কো-অপারেটিভ ব্যাংকগুলি (UCB) এখন তাদের ব্যবসা সম্প্রসারণের জন্য নতুন শাখা খুলতে সক্ষম হবে।

**22.** বাণিজ্যিক ব্যাংকের মতো UCB গুলোও বকেয়া ঋণের এককালীন নিষ্পত্তি করতে পারবে।

**23.** UCB গুলিকে দেওয়া অগ্রাধিকার ক্ষেত্রে ঋণ (PSL) লক্ষ্যমাত্রা অর্জনে অতিরিক্ত সময়সীমা দেওয়া হয়েছে।

**24.** UCB গুলির সাথে নিয়মিত যোগাযোগের জন্য RBI- তে একজন নোডাল অফিসার মনোনীত করা হয়েছে।

**25.** RBI, UCB-গুলিকে তাদের গ্রাহকদের ডোর-স্টেপ ব্যাঙ্কিং পরিষেবা ( Door Step Banking Services) সরবরাহ করার অনুমতি দিয়েছে।

**26.** RBI গ্রামীণ ও শহুরে সমবায় ব্যাঙ্কগুলির জন্য স্বতন্ত্র আবাসন ঋণের সীমা দ্বিগুণেরও বেশি করেছে।

**27.** গ্রামীণ সমবায় ব্যাংকগুলি এখন বাণিজ্যিক রিয়েল এস্টেট - আবাসিক আবাসন ক্ষেত্রে ঋণ দিতে সক্ষম হবে, যার ফলে তাদের ব্যবসায় বৈচিত্র্য আসবে।

**28.** সমবায় ব্যাংকগুলিকে CGTMSE-এর সদস্য ঋণদানকারী প্রতিষ্ঠান (MLI) হিসাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। এর ফলে সদস্য সমবায় ব্যাংকগুলো এখন প্রদত্ত ঋণের ওপর ৮৫ শতাংশ পর্যন্ত ঝুঁকি কভারেজের সুবিধা নিতে পারবে। এর পাশাপাশি সমবায় ক্ষেত্রের উদ্যোগগুলিও এখন সমবায় ব্যাঙ্কগুলি থেকে ৫ কোটি টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ পেতে সক্ষম হবে।

**29.** আধুনিক 'আধার সক্ষম পেমেন্ট সিস্টেম' (AePS) এর সাথে সমবায় ব্যাঙ্কগুলিকে যুক্ত করার জন্য লাইসেন্স ফি লেনদেনের সংখ্যার সাথে সংযুক্ত করে হ্রাস করা হয়েছে। এ ছাড়া সমবায় আর্থিক প্রতিষ্ঠানগুলোও প্রাক-উৎপাদন পর্বের প্রথম তিন মাস বিনামূল্যে এই সুবিধা পেতে পারবে। এর ফলে কৃষকরা এখন ঘরে বসেই আঙুলের ছাপ দিয়ে ব্যাঙ্কিংয়ের সুবিধা পাবেন।

## (ঘ) সমবায় চিনিকলের পুনরুজ্জীবন

### 30. সমবায় চিনিকলগুলিকে আয়কর থেকে অব্যাহতিঃ-

সমবায় চিনিকলগুলিকে ন্যায্য ও লাভজনক মূল্য বা রাজ্য নির্ধারিত মূল্য পর্যন্ত, কৃষকদের উচ্চতর আখের দাম প্রদানের ক্ষেত্রে, অতিরিক্ত আয়কর দিতে হবে না। এই বিধানের ফলে, সমবায় চিনি কলগুলি এখন তাদের সদস্যদের আখের উচ্চমূল্য দিতে সক্ষম হবে এবং তারা এই উচ্চতর ব্যয়ের উপর আয়কর ছাড় পাবে।

### 31.সমবায় চিনিকলের আয়কর সংক্রান্ত কয়েক দশক পুরানো অমীমাংসিত সমস্যার সমাধানঃ-

কেন্দ্রীয় বাজেট ২০২৩-২৪-এর মাধ্যমে বরাদ্দ করা হয়েছে যে সমবায় চিনিকলগুলি মূল্যায়ন ২০১৬-১৭ সালের আগে আখ চাষিদের যে টাকা সমবায় চিনিকল গুলি দিয়েছিল, সেটা ব্যয় হিসাবে দাবি করার অনুমতি দেওয়া হবে। এর মাধ্যমে তারা প্রায় ১০,০০০/- কোটি টাকা ত্রাণ পেতে সক্ষম হবে, এভাবে কয়েক দশক ধরে ঝুলে থাকা আয়কর সমস্যার সমাধান হবে।

## 32. সমবায় চিনিকলগুলিকে শক্তিশালী করার জন্য এনসিডিসির মাধ্যমে ১০,০০০ কোটি টাকার ঋণ প্রকল্পঃ-

সমবায় মন্ত্রক 'সমবায় চিনি কলগুলিকে শক্তিশালী করার জন্য NCDC কে Grant in aid বা 'অনুদান সহায়তা' নামে একটি নতুন প্রকল্প চালু করেছে যার অধীনে ভারত সরকার ২০২২-২৩ এবং ২০২৩-২৪ আর্থিক বছরে NCDCকে ১০,০০০ কোটি টাকা অনুদান দেবে। NCDC এই অনুদানটি সমবায় চিনি কলগুলিকে ১০,০০০ কোটি টাকা পর্যন্ত ঋণ প্রদানের জন্য ব্যবহার করবে, যা তারা ইথানল প্ল্যান্ট স্থাপন বা কোজেনারেশন প্ল্যান্ট স্থাপন বা ওয়ার্কিং ক্যাপিটাল বা তিনটি উদ্দেশ্যেই ব্যবহার করতে সক্ষম হবে।

## 33. কো-অপারেটিভ সুগার মিলগুলিতে ইথানল ক্রয় এবং কোজেন পাওয়ার প্ল্যান্ট স্থাপনে অগ্রাধিকারঃ-

ইথানল ব্লেন্ডিং প্রোগ্রামের (EBP) আওতায় পেট্রোলিয়াম মন্ত্রক কর্তৃক ইথানল সংগ্রহের জন্য সমবায় চিনি কলগুলিকে বেসরকারী সংস্থাগুলির সমতুল্য করা হবে। আখের Bagasse (বাগাস) থেকে কোজেনারেশন পাওয়ার প্ল্যান্ট স্থাপনের পরিকল্পনাও রয়েছে। এসব পদক্ষেপের ফলে সমবায় চিনিকলের ব্যবসা সম্প্রসারিত হবে এবং এর ফলে তাদের মুনাফাও বৃদ্ধি পাবে।

# (ঙ) জাতীয় পর্যায়ে তিনটি নতুন মাল্টি-স্টেট সোসাইটি

## 34. রফতানির জন্য নতুন জাতীয় স্তরের মাল্টি-স্টেট কো-অপারেটিভ সোসাইটিঃ-

মাল্টি-স্টেট কো-অপারেটিভ সোসাইটিজ অ্যাক্ট, ২০০২-এর অধীনে সমবায় ক্ষেত্র থেকে রফতানি বৃদ্ধির জন্য একটি শীর্ষ সংস্থা হিসাবে একটি নতুন জাতীয় সমবায় রফতানি লিমিটেড স্থাপন করা হয়েছে। জেলা, রাজ্য, জাতীয় স্তরের ফেডারেশন এবং মাল্টিস্টেট সমবায় সমিতি সহ প্রাথমিক থেকে জাতীয় স্তরের সমবায় সমিতিগুলি এর সদস্য হতে পারে। এই সোসাইটির মাধ্যমে কৃষকের উৎপাদিত পণ্য রফতানি সহজতর হবে এবং কৃষকরা তাদের উৎপাদিত পণ্যের ভালো দাম পাবেন।

### 35. প্রত্যয়িত বীজের জন্য নতুন জাতীয় স্তরের মাল্টি-স্টেট কো-অপারেটিভ সোসাইটিঃ-

মাল্টি-স্টেট কো-অপারেটিভ সোসাইটিজ অ্যাক্ট, ২০০২-এর অধীনে, একটি নতুন ভারতীয় বীজ সমবায় সমিতি লিমিটেড নামে উন্নত বীজ চাষ, উৎপাদন এবং বিতরণের জন্য একটি শীর্ষ সংস্থা হিসাবে প্রতিষ্ঠিত হয়েছে। রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সমবায় সমিতি (প্রাথমিক, জেলা, রাজ্য স্তর) এর সদস্য হতে পারে। এই সোসাইটি কৃষকদের কাছে উন্নত বীজের প্রাপ্যতা বৃদ্ধি করবে, ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি করবে এবং কৃষকদের আয় বৃদ্ধি করবে।

### 36. জৈব চাষের জন্য নতুন জাতীয় স্তরের মাল্টি-স্টেট কো-অপারেটিভ সোসাইটিঃ-

ন্যাশনাল কো-অপারেটিভ অর্গানিকস লিমিটেড, মাল্টিস্টেট কো-অপারেটিভ সোসাইটিজ অ্যাক্ট, ২০০২ এর অধীনে একটি শীর্ষ সংস্থা হিসাবে প্রতিষ্ঠিত হয়েছে যা প্রত্যয়িত এবং খাঁটি জৈব পণ্য উৎপাদন, বিতরণ এবং বিপণনের জন্য কাজ করবে। জেলা, রাজ্য, জাতীয় স্তরের ফেডারেশন, মাল্টি-স্টেট কো-অপারেটিভ সোসাইটি এবং কৃষক উৎপাদক সংস্থা (FPO) সহ প্রাথমিক থেকে জাতীয় স্তরের সমবায় সমিতিগুলি এর সদস্য হতে পারে। এতে জৈব পণ্যের উৎপাদন বৃদ্ধি পাবে এবং কৃষকদের মুনাফা বাড়বে।

## (চ) সমবায় ক্ষেত্রে শিক্ষা ও প্রশিক্ষণ

### 37. বিশ্বের বৃহত্তম সমবায় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাঃ-

সমবায়ের জন্য জাতীয় সমবায় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পরিকল্পনা করা হচ্ছে সমবায় শিক্ষা, প্রশিক্ষণ, পরামর্শ, গবেষণা ও উন্নয়ন করার জন্য। এই বিশ্ববিদ্যালয় প্রশিক্ষিত, জনবলের টেকসই, পর্যাপ্ত ও মানসম্মত মানবসম্পদ সরবরাহ নিশ্চিত করবে এবং বিদ্যমান কর্মীদের সক্ষমতা বৃদ্ধির জন্য কাজ করবে। এই বিশ্ববিদ্যালয়টি সমবায় ক্ষেত্রে প্রথম, একটি বিশেষ বিশ্ববিদ্যালয় হবে।

### 38. সমবায় শিক্ষা ও প্রশিক্ষণের নতুন প্রকল্পঃ-

সমবায় সমিতিগুলিকে একটি শক্তিশালী অর্থনৈতিক প্রতিষ্ঠানে পরিণত করা, সমবায় আন্দোলনকে বিস্তার ও শক্তিশালী করা, VAMNICOM , NCCT এবং JCTC ফ্যাকাল্টিদের সক্ষমতা বৃদ্ধি, সমবায় সমিতির গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে মানসম্পন্ন গবেষণা এবং

অধ্যয়নের প্রচার ইত্যাদির জন্য এই প্রকল্পটি প্রয়োজন। এ বিষয়ে প্রাথমিক স্টেকহোল্ডারদের সঙ্গে আলোচনা করা হচ্ছে এবং আগামী তিন মাসের মধ্যে প্রকল্প প্রণয়নের লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে।

### 39. এনসিসিটি-র (NCCT) মাধ্যমে প্রশিক্ষণ ও সচেতনতা বৃদ্ধিঃ-

সমবায় মন্ত্রকের অধীন একটি স্বায়ত্বশাসিত সমিতি ন্যাশনাল কাউন্সিল ফর কো-অপারেটিভ ট্রেনিং (NCCT) রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চলের সমবায় বিভাগের কর্মী সহ সারা দেশে সমবায় সমিতির কর্মী, সদস্য এবং বোর্ড সদস্যদের জন্য সমবায় শিক্ষা এবং প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করে। এটি সারা দেশে ছড়িয়ে থাকা তার ২০ টি প্রশিক্ষণ ইনস্টিটিউটের মাধ্যমে এই প্রোগ্রামগুলি পরিচালনা করে, যার মধ্যে VAMNICOM (বৈকুন্ঠ মেহতা ন্যাশনাল ইনস্টিটিউট অফ কো-অপারেটিভ ম্যানেজমেন্ট) একটি জাতীয় স্তরের ইনস্টিটিউট। এছাড়াও, ১৪ টি রাজ্য স্তরের এবং পাঁচটি আঞ্চলিক স্তরের ইনস্টিটিউট রয়েছে। এনসিসিটি সারা দেশে সমবায় অংশগ্রহণকারী, শ্রমিক এবং পেশাদারদের জন্য ১৭৪০ টি প্রশিক্ষণ কর্মসূচির লক্ষ্য মাত্রা ধার্য করলেও ২০২২-২৩ সালে ৩,২৮৭ টি প্রশিক্ষণ প্রোগ্রাম পরিচালনা করেছে। এছাড়াও, এই সময়কালে কাউন্সিল প্রায় ২,০১,৫০৭ জন অংশগ্রহণকারীকে প্রশিক্ষণ প্রদান করেছে, যা নির্ধারিত ৪৩,৫০০ অংশগ্রহণকারীদের চেয়ে পাঁচ গুণ বেশি।এনসিসিটি-র মাধ্যমে সমবায় সমিতিগুলির জন্য স্থানীয় ভাষায় বৃত্তিমূলক উন্নয়ন পরিকল্পনা (বিদ্যমান ডিপিআরগুলির উপর ভিত্তি করে) প্রস্তুত করা হচ্ছে।

## (গ) নতুন জাতীয় সমবায় নীতি এবং নতুন জাতীয় সমবায় ডাটাবেস

### 40. নতুন জাতীয় সমবায় নীতি প্রণয়নঃ-

প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সুরেশ প্রভুর নেতৃত্বে 'সমবায়ের মাধ্যমে সমৃদ্ধি' ধারণাটি বাস্তবায়িত করার জন্য একটি নতুন সমবায় নীতি প্রণয়নের জন্য বিভিন্ন রাজ্য এবং সারা দেশের বিশেষজ্ঞ এবং স্টেকহোল্ডারদের সমন্বয়ে ৪৯ জন সদস্যের একটি বহুমাত্রিক ও জাতীয় পর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। এ পর্যন্ত বিশেষজ্ঞ কমিটির ৯টি সভা অনুষ্ঠিত হয়েছে, যেখানে স্টেকহোল্ডারদের সঙ্গে বিস্তারিত আলোচনা হয়েছে এবং শীঘ্রই নতুন জাতীয় সমবায় নীতি প্রণয়ন করা হবে বলে আশা করা হচ্ছে।

## 41. নতুন জাতীয় সমবায় ডাটাবেসঃ-

রাজ্য সরকারগুলির সহায়তায় সমবায় মন্ত্রক পর্যায়ক্রমে একটি বিস্তারিত, খাঁটি এবং আপডেটেড জাতীয় সমবায় ডাটাবেস বিকাশের কাজ করছে। প্রথম পর্যায়ে ২০২৩ সালের ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত প্যাকস, দুগ্ধ ও মৎস্য ক্ষেত্রের প্রায় ২.৬৪ লক্ষ সোসাইটির ম্যাপিং সম্পন্ন হয়েছে। দ্বিতীয় পর্যায়ে জাতীয় সমবায় সমিতি ও ফেডারেশনগুলির ম্যাপিং করা হয়েছে। তৃতীয় পর্যায়ে অন্যান্য সমস্ত ক্ষেত্রের প্রায় ৭.৫ লক্ষ সমবায় সমিতিকে ডাটাবেসে অন্তর্ভুক্ত করা হচ্ছে, যা ২০২৩ সালের জুলাই মাসের মধ্যে শেষ করার লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে।

## (জ) সমবায় সমিতিগুলিকে GeM পোর্টালে 'ক্রেতা' হিসাবে অন্তর্ভুক্ত করা

**42.**. কেন্দ্রীয় মন্ত্রিসভা সমবায় সমিতি গুলিকে GeM নিবন্ধিত হওয়ার অনুমোদন দিয়েছে। সরকারি ই-মার্কেটপ্লেসে (GeM) 'ক্রেতা' হিসাবে ১লা জুন, ২০২২সালে সমবায় সমিতিগুলি এখন GeM –এর সিঙ্গেল প্ল্যাটফর্মের মাধ্যমে সারা দেশের প্রায় ৬০ লক্ষ বিক্রেতা / সেবা প্রদানকারি থেকে পরিসেবা গ্রহণ করতে পারবে। এখনও পর্যন্ত ৫৫০ টিরও বেশি সমবায় সামিতি GeM পোর্টালে ক্রেতা হিসাবে যুক্ত হয়েছে। এছাড়াও, সমবায় সমিতিগুলিকে GeM -এ বিক্রেতা হিসাবে নিবন্ধন করতে অনুপ্রাণিত করা হচ্ছে।

## (ঝ) জাতীয় সমবায় উন্নয়ন কর্পোরেশনের (এনসিডিসি) সম্প্রসারণ

**43.** NCDC সমবায় সমিতি গুলির জন্য বিভিন্ন ক্ষেত্রে নতুন প্রকল্প চালু করেছে যেমন স্বনির্ভর গোষ্ঠীগুলির জন্য 'স্বাহায়মশক্তি সহকার'; দীর্ঘমেয়াদী কৃষি ঋণের জন্য 'দীর্ঘাবধী কৃষক সহকার'; দুগ্ধের জন্য "ডেয়ারি সহকার'' এবং মহিলা সমবায় প্রতিষ্ঠানের জন্য 'নন্দিনী সহকার' ইত্যাদি। ২০২২-২৩ অর্থবছরে NCDC ৪১,০২৫ কোটি টাকা (Provisional) আর্থিক সহায়তা বিতরণ করেছে, যা ২০২১-২২ সালের ৩৪,২২১ কোটি টাকার বিতরণের চেয়ে প্রায় ২০% বেশি। সমবায় ক্ষেত্রে অত্যন্ত প্রয়োজনীয় তহবিলের মাত্রা বাড়ানোর জন্য, এনসিডিসি তার দক্ষতা এবং ভৌগোলিক বিস্তার বাড়িয়ে আগামী পাঁচ বছর অবধি প্রতি বছরে প্রায় ৩ লক্ষ কোটি টাকা ঋণ বিতরণের পরিকল্পনা করেছে। সমস্ত রাজ্য এবং রাজ্য সমবায় সমিতিগুলি এনসিডিসির ঋণ প্রকল্পগুলি গ্রহণ করতে পারে।

## (ঞ) কেন্দ্রীয় রেজিস্ট্রার অফিস শক্তিশালীকরণ

### 44. কেন্দ্রীয় রেজিস্ট্রার অফিসের কম্পিউটারাইজেশনঃ-

কেন্দ্রীয় রেজিস্ট্রারের কার্যালয় মাল্টি স্টেট কো-অপারেটিভ সোসাইটিজ (MSCS) আইন, ২০০২ পরিচালনার জন্য দায়বদ্ধ। মাল্টি-স্টেট কো-অপারেটিভ সোসাইটির জন্য একটি ডিজিটাল ইকোসিস্টেম তৈরি করতে কেন্দ্রীয় রেজিস্ট্রারের অফিসটি কম্পিউটারাইজড করা হচ্ছে। সফটওয়্যারটি কেন্দ্রীয় রেজিস্ট্রার অফিসে ইলেকট্রনিক ওয়ার্ক ফ্লোয়ের মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে অ্যাপ্লিকেশন এবং পরিষেবা অনুরোধ প্রক্রিয়াকরণে সহায়তা করবে। এতে OTP ভিত্তিক ব্যবহারকারী নিবন্ধন, MSCS আইন ও বিধি মেনে চলার জন্য যাচাইকরণ চেক, ভিসির মাধ্যমে শুনানি, রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু এবং অন্যান্য যোগাযোগের বিধান থাকবে। এই কম্পিউটারাইজেশন প্রকল্পটি নতুন MSCS নিবন্ধনে উল্লেখযোগ্যভাবে সহায়তা করবে এবং তাদের ব্যবসা করার পদ্ধতি আরও দ্রুত ও সহজতর করবে।

### 45. মাল্টি স্টেট কো-অপারেটিভ সোসাইটিজ (সংশোধন) বিল, ২০২২

মাল্টি-স্টেট কো-অপারেটিভ সোসাইটিজ (সংশোধন) বিল, ২০২২ এর লক্ষ্য মাল্টি-'স্টেট কো-অপারেটিভ সোসাইটিজ অ্যাক্ট, ২০০২' এর বিধানগুলি সংশোধন করে অন্তর্ভুক্ত করার জন্য ৯৭তম সংবিধান সংশোধন বিধান গুলি যুক্ত করা এবং বহু-রাজ্য সমবায় সমিতিগুলিতে শাসন ব্যবস্থা শক্তিশালী করা, স্বচ্ছতা বৃদ্ধি, জবাবদিহিতা বৃদ্ধি, নির্বাচন প্রক্রিয়ার উন্নতি ইত্যাদি। এই বিলটি ৭ ডিসেম্বর, ২০২২ সালে লোকসভায় উপস্থাপিত হয়েছিল এবং ২০ ডিসেম্বর, ২০২২-এ উভয় কক্ষের যৌথ সংসদীয় কমিটিতে প্রেরণ করা হয়েছিল। ০৮-০৭-২০২৩ তারিখে লোকসভায় যৌথ কমিটির রিপোর্ট অনুযায়ী বিলটি বিবেচনা ও পাসের নোটিশ দেওয়া হয়েছে। বিলটি সংসদের বাদল অধিবেশনে বিবেচনা ও পাসের জন্য উপস্থাপন করা হবে।

## (ট) অন্যান্য উদ্যোগ

### 46. কৃষি ও পল্লী উন্নয়ন ব্যাংকের কম্পিউটারাইজেশন (ARDB)

দীর্ঘমেয়াদী সমবায় ঋণ কাঠামো শক্তিশালী করার জন্য, কৃষি ও পল্লী উন্নয়ন ব্যাংকের (ARDB) কম্পিউটারাইজেশন প্রকল্প হাতে নিয়েছে সমবায় মন্ত্রক। এতে হার্ডওয়্যার প্রকিউরমেন্ট, কম্প্রিহেনসিভ এন্টারপ্রাইজ রিসোর্স প্ল্যানিং (ERP) সল্যুশন, ডিজিটালাইজেশন, প্রশিক্ষণ ও সহায়তা প্রদান এবং সফটওয়্যার রক্ষণাবেক্ষণ ইত্যাদি বিভিন্ন উপাদান থাকবে। এই প্রকল্পে ব্যয়ের ২৫ শতাংশ ARDB এবং অবশিষ্ট ৭৫ শতাংশ কেন্দ্রীয় ও

রাজ্য সরকার বহন করবে। কম্পিউটারাইজেশন এআরডিবিগুলিকে বিভিন্ন সুবিধা প্রদান করবে, যেমন দক্ষতা বৃদ্ধি, দ্রুত ঋণ বিতরণ, লেনদেনের খরচ হ্রাস, স্বচ্ছতা বৃদ্ধি এবং অর্থ প্রদানের কম ভারসাম্যহীনতা ( Lower imbalances of payment ) ইত্যাদি।

## 47. সাহারা গ্রুপ অফ সোসাইটির বিনিয়োগকারীদের অর্থ ফেরতঃ-

সমবায় মন্ত্রকের আবেদনের পরিপ্রেক্ষিতে মাননীয় সুপ্রিম কোর্ট ২৯.০৩.২০২৩ তারিখের আদেশে সাহারা গ্রুপের ৪টি সমবায় সমিতির ‘(সোহারা ক্রেডিট কো-অপারেটিভ লিমিটেড, সাহারায়ান ইউনিভার্সাল মাল্টিপারপাস সোসাইটি লিমিটেড, হামারা ইন্ডিয়া ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড এবং স্টারস মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড)’ আমানত কারীদের বৈধ পাওনা বিতরণের জন্য সাহারা-সেবি রিফান্ড অ্যাকাউন্ট থেকে ৫০০০ কোটি টাকা মাল্টি-স্টেট কো-অপারেটিভ সোসাইটির কেন্দ্রীয় রেজিস্ট্রারের কাছে হস্তান্তর করার নির্দেশ দেয়।। মাননীয় সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী অবসরপ্রাপ্ত বিচারপতি শ্রী আর. সুভাস রেড্ডি ও অ্যাডভোকেট শ্রী গৌরব আগরওয়ালের তত্বাবধানে স্টক হোল্ডিং ডকুমেন্টস পোর্টাল একটি স্বচ্ছ ডিজিটাল সিস্টেম সার্ভিসেস লিমিটেড (SDMSL) কে নিযুক্ত করেন । রিফান্ড প্রক্রিয়া তদারকির জন্য উপরোক্ত প্রতিটি কমিটির জন্য কেন্দ্রীয় রেজিস্ট্রার কর্তৃক চারজন স্পেশাল ডিউটি অফিসার (ওএসডি) নিয়োগ করা হয়েছে। পোর্টালের মাধ্যমে যথাযথ সনাক্তকরণ এবং তাদের আমানত ও দাবির প্রমাণ জমা দেওয়ার পরে স্বচ্ছ পদ্ধতিতে প্রকৃত আমানতকারীদের সংশ্লিষ্ট ব্যাংক অ্যাকাউন্টে অর্থ প্রদান করা হবে।প্রকৃত আমানত কারিদের বকেয়া পাওনা পরিশোধ নিশ্চিত করার জন্য সমবায় মন্ত্রী ১৮-০৭-২০২৩ তারিখে অনলাইনে তাদের দাবি জমা দেওয়ার জন্য কেন্দ্রীয় রেজিস্টার- সাহারা রিফান্ড পোর্টাল চালু করেছেন।

## 48. রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে সমবায় সমিতির রেজিস্ট্রার অফিসের কম্পিউটারাইজেশনের প্রকল্পঃ-

সমবায় সমিতিগুলির জন্য ব্যবসা সহজতর করতে এবং সমস্ত রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চলে স্বচ্ছ কাগজবিহীন নিয়ন্ত্রণের জন্য একটি ডিজিটাল ইকোসিস্টেম তৈরি করতে, সমবায় মন্ত্রক রাজ্য রেজিস্ট্রার অফিসগুলির কম্পিউটারাইজেশনের জন্য একটি প্রকল্প প্রস্তুত করছে। এই প্রকল্পের অধীনে তৈরি সফ্টওয়্যারটি সংশ্লিষ্ট রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চলের সমবায় আইনের উপর ভিত্তি করে তৈরি করা হবে। মন্ত্রক এই প্রকল্পটি প্রণয়নের জন্য সমস্ত রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চলের রেজিস্ট্রারদের সাথে আলোচনা করছে এবং শীঘ্রই এটি একটি কেন্দ্রীয় স্পনসরড স্কিম হিসাবে গণ্য করা হবে।